এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# পৌরনীতি ও নাগরিকতা

বিষয় কোড: | ১ | ৪ | ০ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** সংবিধানকে রাষ্ট্রের 'দর্পণ' বলা হয়। কারণ সংবিধানের মাধ্যমে রাষ্ট্রের প্রকৃতি ও স্বরূপ অনুধাবন করা যায়। বিশ্বের সকল রাষ্ট্রের সংবিধান রয়েছে। সব সংবিধান উত্তম নয়। আবার সব সংবিধান এক পদ্ধতিতে সৃষ্টি হয়নি। সংবিধান প্রতিষ্ঠার চারটি পদ্ধতি রয়েছে। চারটি পদ্ধতির যে কোন একটির মাধ্যমে সংবিধান তৈরী হয়। রাষ্ট্র বিজ্ঞানের ছাত্র জাকির উত্তম সংবিধান সম্পর্কে মন্তব্য করে। উত্তম সংবিধান মৌলিক অধিকার সম্বলিত এবং এতে জনগণের আশা-আকাঙ্খার প্রতিফলন ঘটে।


ক. বাংলাদেশের সংবিধানের প্রথম সংশোধনীর মূল বিষয়বস্তু লেখ। ১

খ. সংবিধান প্রতিষ্ঠার প্রদ্ধতি বর্ণনা কর। ২

গ. সংবিধানের মাধ্যমে একটি রাষ্ট্রকে কিভাবে চেনা যায়? উদ্দীপকের আলোকে বর্ণনা কর। ৩

ঘ. রাষ্ট্রবিজ্ঞানের ছাত্র জাকিরের মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

**২.▶**




ক. শাসন বিভাগের অপর নাম কী? ১

খ. বিভাগীয় প্রশাসন বলতে কী বোঝায়? ২

গ. 'A' চিহ্নিত স্থানটি সরকারের যে বিভাগকে নির্দেশ করছে তার কাজ ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশে 'B' চিহ্নিত বিভাগ 'A' চিহ্নিত বিভাগ দ্বারা নিয়ন্ত্রিত, তুমি কী করে সাথে একমত? মতামত দাও। ৪

**৩.▶** পৌর এলাকার উন্নয়নের জন্য এবং সমস্যা সমাধানের জন্য বাংলাদেশের শহর অঞ্চলের স্থানীয় সরকারের ভূমিকা অসাধারণ। পৌর

http://teachingbd.com

এলাকার উন্নয়ন শ্রীবৃদ্ধি, সমস্যার সমাধান, শান্তি শৃঙ্খলা প্রভৃতি শহরাঞ্চলের স্থানীয় সরকারের উপর নির্ভর করে। এর সাথে পৌর এলাকার ভাগ্য নির্ধারিত। এ কারণে জনগণকে শহরাঞ্চলের স্থানীয় সরকারের জন্য যোগ্য মেয়র ও কাউন্সিলর নির্বাচন করতে হয়।

ক. তিন স্তর বিশিষ্ট স্থানীয় সরকার কাঠামোর সবচেয়ে কার্যকর ইউনিট কোনটি? ১

খ. পৌরসভার গঠন ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত সংস্থার করণীয় কাজ চিহ্নিত কর। ৩

ঘ. উদ্দীপকের ইঙ্গিতকৃত সংস্থা ও স্থানীয় অনুরূপ প্রতিষ্ঠানের গুরুত্ব মূল্যায়ণ কর। ৪

**৪.▶** লিমা ও রিমা ইতিহাসের ক্লাস শুরু হওয়ার আগে যুক্তফ্রন্ট নিয়ে আলোচনা করছিল। তখন ক্লাসে শিক্ষক আসলাম সাহেব এসে তাদের ধারণা আরও স্পষ্ট করতে লীগ-যুক্তফ্রন্ট কোয়ালিশন সরকারের পতন পর্যন্ত আলোচনা করেন। তিনি আলোচনা শেষে মন্তব্য করেন যে, তৎকালীন রাজনৈতিক অগ্রযাত্রা স্তব্ধ করে সামরিক আইন জারিই ছিল প্রেসিডেন্ট ইস্কান্দার মীর্জার একমাত্র লক্ষ্য।

ক. যুক্তফ্রন্ট কখন গঠিত হয়? ১

খ. যুক্তফ্রন্ট গঠনের কারণ ব্যাখ্যা কর। ২

গ. লীগ-যুক্তফ্রন্ট কোয়ালিশন সরকারের পতন ঘটে কিভাবে? উদ্দীপকের সূত্র ধরে ব্যাখ্যা কর। ৩

ঘ. শিক্ষক আসলাম সাহেবের শেষোক্ত মন্তব্যটি যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

**৫.▶** রিফা চৌধুরী শ্রেণিকক্ষে পাঠদানকালে বলেন,সংসদীয় সরকারের জাতীয় সংসদের গুরুত্ব অত্যাধিক। জাতীয় সংসদ সার্বভৌম আইন পরিষদ। এ জাতীয় সংসদ বহুবিধ কাজ সম্পন্ন করে থাকে। বাংলাদেশের আর্থ সামাজিক ও রাজনৈতিক উন্নয়নে জাতীয় সংসদ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

ক. বাংলাদেশের জাতীয় সংসদ কত সালে প্রবর্তিত হয়? ১

খ. বাংলাদেশের আইনসভা সম্পর্কে সংক্ষেপে বর্ণনা কর। ২

গ. রিফা চৌধুরীর পাঠদানকৃত বিষয়টির আলোকে বাংলাদেশের জাতীয় সংসদ কীভাবে শাসন বিভাগকে নিয়ন্ত্রণ করে বর্ণনা কর। ৩

ঘ. বাংলাদেশের আর্থ সামাজিক ও রাজনৈতিক উন্নয়নে রিফা চৌধুরীর উক্তিটির মূল্যায়ন কর। ৪

**৬.▶** বাংলাদেশের নাগরিক অর্ণব 'ক' নামক গণতান্ত্রিক রাষ্ট্রে বেড়াতে গেল। সে ঐ দেশের বিভিন্ন স্থান ঘুরল। সে লক্ষ করল ঐ দেশের ভিন্ন অঞ্চলে

Teachingbd.com

আইন, বিচার ও শাসন ব্যবস্থার ভিন্নতা রয়েছে। তবে মজার ব্যাপার হলো দেশের সামগ্রিক স্বার্থের বিষয়ে দেশের সর্বত্র একই নিয়ম প্রচলিত। কিন্তু কেন্দ্র আঞ্চলিক শাসনের বিষয়ে কোন হস্তক্ষেপ করতে পারে না।

ক. কোন রাষ্ট্র ব্যক্তিমালিকানা স্বীকার করে না। ১

খ. নিয়মতান্ত্রিক রাজতন্ত্র বলতে কী বোঝায় উদাহরণসহ ব্যাখ্যা কর। ২

গ. 'ক' রাষ্ট্রে কোন ধরনের সরকার ব্যবস্থা প্রচলিত? ব্যাখ্যা কর। ৩

ঘ. গণতান্ত্রিক হওয়া সত্ত্বেও উক্ত রাষ্ট্রের শাসন ব্যবস্থার সাথে বাংলাদেশের শাসন ব্যবস্থার ভিন্নতার কারণ বিশ্লেষণ কর। ৪

**৭.** ▶ বিত্তশালী ব্যক্তি রেজা সাম্য অধিকার হিসাবে ভোট প্রদান করতে যান ভোট কেন্দ্রে। কিন্ত বিত্তশালী হওয়ায় তার প্রতি সেখানে সাধারণ মানুষের চেয়ে বিশেষ ব্যবস্থা করা হলে তিনি সাম্যের অভাব অনুভব করেন। তার ক্ষেত্রে স্বাধীনতা ও সাম্য পরস্পর বিরোধী হয়ে ওঠে। যদিও তিনি জানতেন স্বাধীনতা ও সাম্য পরস্পর সম্পূরক।

ক. ভোট প্রদানের সুবিধা কোন ধরনের সাম্যের অন্তর্ভুক্ত? ১

খ. সাম্য বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. বিত্তশালী রেজার ক্ষেত্রে কিভাবে স্বাধীনতা ও সাম্য পরস্পরবিরোধী হয়েছিল? ব্যাখ্যা কর। ৩

ঘ. "স্বাধীনতা ও সাম্য পরস্পর সম্পূরক"- উদ্দীকের আলোকে যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

**৮.** ▶ মতিন ও রফিক দুই বন্ধু। উভয়েই বাংলাদেশের নাগরিক। মতিনের মধ্যে সুনাগরিকের গুণাবলি উপস্থিত কিন্তু রফিকের মধ্যে অনুপস্থিত। রফিক সুনাগরিকতা অর্জনের জন্য প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। মতিন মনে করে, বাংলাদেশের সুনাগরিকতার নানাবিধ প্রতিবন্ধকতা রয়েছে। সে আরও বলে, সুনাগরিক দেশের সম্পদ।

ক. নগর রাষ্ট্র কাকে বলে? ১

খ. সুনাগরিকের যে কোন একটি গুণ ব্যাখ্যা কর। ২

গ. জনগণের সুনাগরিকতার প্রতিবন্ধকতা দূর করার জন্য কী কী পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে? মতিনের মতামতের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. মতিনের শেষোক্ত উক্তিটির সাথে তুমি কি একমত? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দেখাও। ৪

৯.▶ বাংলাদেশের কেন্দ্রীয় সরকারের রাজনৈতিক ও অরাজনৈতিক দুটি অংশ। সরকারের রাজনৈতিক অংশ মন্ত্রীবৃন্দ এবং অরাজনৈতিক অংশ স্থায়ীভাবে নিযুক্ত সরকারি কর্মকর্তা কর্মচারীবৃন্দ। জনাব 'ক' সরকার দলীয় সংসদ সদস্য হিসেবে বর্তমানে দেশের মাননীয় মন্ত্রীরূপে দায়িত্ব পালন করছেন। তিনি তার কাজের প্রয়োজনে সর্বদাই প্রশাসনিক প্রধান জনাব 'খ' এর সাথে যোগাযোগ রখেন।

ক. সচিবালয় কী? ১

খ. মন্ত্রিসভার কাজ সংক্ষেপে ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত প্রশাসনিক কাঠামো ছকের সাহায্যে দেখাও। ৩

ঘ. জনাব 'ক' ও 'খ' এর সম্পর্ক মূল্যায়ণ কর। ৪

১০.▶ ডান পাশের ছকটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাওঃ




ক. কার তত্ত্বাবধানে খসড়া বাজেট প্রণীত হয়? ১

খ. প্রশাসনকে রাষ্ট্রের হৃৎপিন্ড বলা হয় কেন? ২

গ. ছকটির কোনটি অন্যগুলো থেকে পৃথক? তার স্বরূপ তুলে ধর। ৩

ঘ. ছকটি বাংলাদেশের প্রশাসনিক প্রক্রিয়ার প্রতিচ্ছবি বিশ্লেষণ কর। ৪

১১.▶ আনিকার বাবা একটি স্থানীয় প্রশাসনের প্রধান। এখানে ১৫ জন সদস্য এবং সংরক্ষিত আসনে ৫ জন মহিলা সদস্য রয়েছে। আনিকার বাবা দেশের একজন প্রতিমন্ত্রীর সমান মর্যাদাবান। তার অধীনে উক্ত প্রশাসনটি কৃষি ব্যবস্থাপনা এবং জনস্বাস্থ্য সংরক্ষণে ভূমিকা পালন করেন। এছাড়াও প্রতিষ্ঠানটি নানারূপ কার্যাবলি সম্পাদন করে থাকে।

ক. সংবিধানের কততম সংশোধনীকে পাহাড়ি জনগোষ্ঠীর স্বতন্ত্র পরিচয়কে স্বীকৃতি দেওয়া হয়েছে? ১

খ. জেলা পরিষদের আয়ের উৎস ব্যাখ্যা কর। ২

গ. আনিকার বাবার স্থানীয় প্রশাসনটির রূপ উপস্থাপন কর। ৩

ঘ. উদ্দীপকের প্রশাসনটি স্থানীয় উন্নয়নে কী ধরনের ভূমিকা পালন করে? বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট   পূর্ণমান— ৩০   বিষয় কোড: | ১ | ৪ | ০ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. বিচার বিভাগের প্রয়োজন—

i. ন্যায়বিচার নিশ্চিত করার জন্য
ii. দেশের সংবিধানকে অক্ষুণ্ন রাখা
iii. দক্ষ শাসন প্রতিষ্ঠার জন্য

নিচের কোনটি সঠিক?

ক i ও ii   খ ii ও iii
গ i ও iii   ঘ i, ii ও iii

২. নাগরিক সেবা প্রদানের জন্য স্থানীয় সরকার কী করে?

i. আয়ের সনদপত্র সত্যায়িত করে
ii. জন্মনিবন্ধন সনদপত্র প্রদান করে
iii. নাগরিক সনদ প্রদান করে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii   খ ii ও iii
গ i ও iii   ঘ i, ii ও iii

৩. দ্বিজাতি তত্ত্ব কে ঘোষণা করে?

ক ফজলুল হক
খ মহাত্মা গান্ধী
গ মোহাম্মদ আলী জিন্নাহ
ঘ হোসেন শহীদ সোহরাওয়ার্দী

৪. ক্ষমতার উৎসের ভিত্তিতে গৃহীত রাষ্ট্রব্যবস্থা কোনটি?

ক সমাজতান্ত্রিক   খ পুঁজিবাদী
গ রাজতান্ত্রিক   ঘ গণতান্ত্রিক

৫. বাংলাদেশে চতুর্থ সংশোধনীর প্রধান বৈশিষ্ট্য কী?

ক রাষ্ট্রপতি শাসিত সরকারব্যবস্থা
খ রাষ্ট্রীয় মূলনীতি পরিবর্তন
গ সংসদীয় সরকারব্যবস্থা পুনঃপ্রবর্তন
ঘ তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বিলুপ্তকরণ

৬. মৌলিক গণতন্ত্র আদেশ ঘোষণা করেন কে?

ক জেনারেল আইয়ুব খান
খ জেনারেল ইস্কান্দার মীর্জা
গ নুরুল আমিন   ঘ খাজা নাজিউদ্দিন

৭. কখন পাকিস্তান ভারতের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে?

ক ২৫ মার্চ ১৯৭১   খ ৭ মার্চ ১৯৭১
গ ৩ আগস্ট ১৯৭১   ঘ ৩ ডিসেম্বর ১৯৭১

৮. সার্ক কত কোটি মানুষের আশা-আকাঙ্ক্ষার প্রতীক?

ক ১০০   খ ১২০
গ ১৪০   ঘ ১৫০

৯. বাংলাদেশ কত সালে OIC এর সদস্যপদ লাভ করে?

ক ১৯৭১   খ ১৯৭২
গ ১৯৭৩   ঘ ১৯৭৪

১০. সংবিধানের কত অনুচ্ছেদে নির্বাচন কমিশনের দায়িত্ব বর্ণিত হয়েছে?

ক ১১৭   খ ১১৮
গ ১১৯   ঘ ১২০

১১. কোথায় সার্ক সনদ স্বাক্ষরিত হয়?

ক দিল্লিতে   খ ঢাকায়
গ নেপালে   ঘ ইসলামাবাদে

১২. স্থানীয় সরকারের রূপ কয়টি?

ক একটি   খ দুইটি
গ তিনটি   ঘ চারটি

১৩. ইউনিয়ন পরিষদ কাজ করে—

i. রাস্তাঘাট নির্মাণে
ii. কৃষি সম্প্রসারণে
iii. নিরক্ষরতা দূরীকরণে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii   খ i ও iii
গ ii ও iii   ঘ i, ii ও iii

১৪. বাঙালিরা দীর্ঘ সংগ্রাম করেছে কেন?

ক ক্ষমতার জন্য   খ অর্থের জন্য
গ ধর্মের জন্য   ঘ গণতন্ত্রের জন্য

Teachingbd.com

১৫. অধস্তন আদালতে কোন ধরনের মামলা পরিচালনা করা হয়?
ক ব্যবসায়িক মামলা খ অর্থসংক্রান্ত মামলা
গ ফৌজদারি মামলা ঘ মানহানি মামলা

১৬. সামাজিক চুক্তি মতবাদের প্রবক্তা কে?
ক রুশো খ গেটেল
গ অ্যারিস্টটল ঘ মন্টেস্কু

১৭. কোন পরিবারে একজন স্বামীর একাধিক স্ত্রী থাকবে?
ক একপত্নী খ বহুপত্নীক
গ পিতৃতান্ত্রিক ঘ মাতৃতান্ত্রিক

১৮. বাংলাদেশে বর্তমানে যে পদ্ধতির সরকার চালু আছে?
ক একনায়কতান্ত্রিক খ যুক্তরাষ্ট্রীয়
গ সংসদীয়
ঘ রাষ্ট্রপতি শাসিত

১৯. রাজনৈতিক সাম্য বলতে কী বোঝায়—
i. সমান মতামত প্রকাশ করার অধিকার
ii. ভোট দেওয়ার অধিকার
iii. নির্বাচিত হওয়ার অধিকার
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii
গ i ও iii ঘ i, ii ও iii

২০. গ্রাম আদালতের সদস্য সংখ্যা কত?
ক ৩ খ ৫
গ ৭ ঘ ৯

২১. অধিকার ভোগের জন্য প্রয়োজন—
i. সততার সাথে ভোটদান
ii. কর প্রদান করা
iii. দেশ ভ্রমণ করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২২. 'যেখানে আইন থাকে না, সেখানে স্বাধীনতা থাকে না।'— উক্তিটি কার?
ক লাস্কি খ হবস
গ জন লক ঘ রুশো

২৩. 'কমেনটরিজ অন দ্য লজ অব ইংল্যান্ড' গ্রন্থের রচয়িতা কে?
ক ডাইসি খ ব্লাকস্টোন
গ প্লেটো ঘ এরিস্টটল

২৪. পুঁজিবাদী রাষ্ট্রের বৈশিষ্ট্য হলো—
i. ব্যক্তিগত মালিকানাধীন স্বীকৃতি
ii. উৎপাদন ব্যবস্থায় অবাধ প্রতিযোগিতা
iii. গণমাধ্যম রাষ্ট্রীয় নিয়ন্ত্রণাধীন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৫. জীবন রক্ষা কোন ধরনের স্বাধীণতার অন্তর্ভুক্ত?
ক ব্যক্তি স্বাধীনতা
খ সামাজিক স্বাধীনতা
গ রাজনৈতিক স্বাধীনতা
ঘ জাতীয় স্বাধীনতা

২৬. পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের সদস্য সংখ্যা কত?
ক ১৬ খ ২৫
গ ৩০ ঘ ৩৪

২৭. সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি নিযুক্ত করেন কে?
ক প্রধানমন্ত্রী খ রাষ্ট্রপতি
গ স্পিকার ঘ মন্ত্রিপরিষদ

২৮. কত সালে তত্ত্বধায়ক সরকারব্যবস্থা প্রতিষ্ঠিত হয়?
ক ১৯৯০ খ ১৯৯১
গ ১৯৯৫ ঘ ১৯৯৬

২৯. কার পদত্যাগের মাধ্যমে মন্ত্রিসভা ভেঙে যায়?
ক রাষ্ট্রপতি খ স্পিকার
গ প্রধানমন্ত্রী ঘ সেনাপ্রধান

৩০. বাংলাদেশ সিভিল সার্ভিসের সদস্য কে?
ক জেলা প্রশাসন খ কাউন্সিলর
গ মেয়র ঘ কমিশনার

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | ঘ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | ক | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | খ | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | গ |
| | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | ক | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | ক |

Teachingbd.com